মুক্তচিন্তার স্বাধীন দৈনিক
খবরের কাগজ

# উত্তরা ইউনিভার্সিটিতে টেকসই উন্নয়ন বিষয়ক সেমিনার

করপোরেট ডেস্ক

প্রকাশ: ১১ ডিসেম্বর ২০২৪, ০৬:৪৫ পিএম
আপডেট: ১১ ডিসেম্বর ২০২৪, ০৬:৫০ পিএম

Source: https://www.khaborerkagoj.com/




ছবি: বিজ্ঞপ্তি

**টেকসই উন্নয়নের অঙ্গীকার নিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে 'পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার' শিরোনামে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।**

বুধবার (১১ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের হলরুমে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক এবং পরিবেশ বিশেষজ্ঞদের সমন্বয়ে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

এ সময় বক্তারা টেকসই ভবিষ্যৎ নির্মাণের প্রয়োজনীয়তা, নবায়ণযোগ্য শক্তির ব্যবহার এবং পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন।

এ ছাড়া জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় প্রযুক্তিগত উদ্ভাবনের ভূমিকা নিয়েও দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়।

সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পাওয়ার গ্রিড বাংলাদেশের (পিএলসি) চেয়ারম্যান ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাবেক উপাচার্য প্রফেসর ড. এম রেজওয়ান খান, ইউএসটিসির সাবেক উপ-উপাচার্য ও বিজ্ঞানী প্রফেসর ড. নওসাদ আমিন, সিটি ইউনিভার্সিটির সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শাহাদাত কবীর রিমন এবং ক্লাইমেট চেঞ্জ পলিসি ম্যানেজার এন্ড আসিক্রেডিটেড ক্লাইমেট অ্যান্ড এনভায়রনমেন্টের উপদেষ্টা এ এস এম মারজান নূর।

বক্তারা বলেন, টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে হলে আমাদের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী রেখে যাওয়া আমাদের দায়িত্ব।

অনুষ্ঠানে উত্তরা ইউনিভার্সিটির  উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী এবং বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক ও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

শেষে ইইই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. শাকাওয়াত জামান সরকার সবাইকে ধন্যবাদ দেন।

*বিজ্ঞপ্তি/মেহেদী/এমএ/*